



বাংলা একাডেমি বাঙালি জাতিসত্তা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের প্রতীক



বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা ১০০০

বিজ্ঞপ্তি

বাংলা একাডেমি অমর একুশে বইমেলা ২০২১

স্থান : বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যান

আবেদনপত্র জমাদান

বাংলা একাডেমি অমর একুশে বইমেলা ২০২১-এ অংশগ্রহণ করতে যেসব প্রকাশনা প্রতিষ্ঠানের পক্ষ থেকে অনলাইনে ৩০.০৯.২০২০ তারিখের মধ্যে আগ্রহপত্র পূরণ করা হয়েছে কেবল সেসব প্রতিষ্ঠান আবেদনপত্র অনলাইনে www.ba21bookfair.com এই ওয়েবসাইটে পূরণ করতে পারবে। আবেদনপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, লেখকের সঙ্গে সম্পাদিত সর্বশেষ একটি চুক্তিপত্রের ১ম ও শেষ পাতা, লেখককে প্রদত্ত সম্মানির সাম্প্রতিক প্রমাণক, আর্কাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে গ্রন্থ জমা প্রদানের রসিদ/প্রত্যয়নপত্র, অগ্নি-সাইক্লোন বিমার প্রমাণক এবং স্টলের ভাড়া ব্যাংকে জমা দিয়ে জমার রসিদ আপলোড করতে হবে।

অনলাইনে বা সরাসরি আবেদনপত্র ও অন্যান্য কাগজ/দলিল ৮ই নভেম্বর থেকে ৭ই ডিসেম্বর ২০২০-এর মধ্যে জমা দেওয়া যাবে। এরপর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। যেসব প্রতিষ্ঠানের স্টল ভাড়া উপর্যুক্ত সময়ের মধ্যে জমা হবে না সেসব প্রতিষ্ঠানের নাম লটারির তালিকা-বহির্ভূত থাকবে। ভাড়া ও অন্যান্য খাত বাবদ প্রদেয় টাকা অগ্রণী ব্যাংক লিমিটেডের যে কোনো অনলাইন শাখা থেকে অগ্রণী ব্যাংক লিমিটেড, বাংলা একাডেমি শাখার 'অমর একুশে গ্রন্থমেলা সঞ্চয়ী হিসাব নম্বর ০২০০০১৪০৪৯২৩১'-এ জমা দিতে হবে। টাকা জমার রসিদে অবশ্যই প্রতিষ্ঠানের নাম লিখতে হবে। ব্যাংকে টাকা জমার রসিদের ফটোকপি সদস্য-সচিবের দপ্তরে জমা দিতে হবে।

এবার করোনা পরিস্থিতির কারণে খুবই সীমিত সংখ্যক নতুন স্টল বরাদ্দের সুযোগ থাকবে। নতুন আবেদনকারীকে ৮ই নভেম্বর থেকে ৭ই ডিসেম্বর ২০২০-এর মধ্যে একাডেমিতে এসে আবেদনপত্র পূরণ ও বই জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, লেখকের সঙ্গে সম্পাদিত সর্বশেষ একটি চুক্তিপত্রের ১ম ও শেষ পাতা, লেখককে প্রদত্ত সম্মানির সাম্প্রতিক প্রমাণক এবং আর্কাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে গ্রন্থ জমা প্রদানের রসিদ/প্রত্যয়নপত্র আপলোড করতে হবে। অক্টোবর ২০২০-এর মধ্যে প্রকাশিত কমপক্ষে ২০টি মানসম্মত বই একাডেমিতে জমা দিতে হবে। বইয়ের মান ও অন্যান্য কাগজ/দলিল যাচাই শেষে স্টল বরাদ্দের ব্যাপারে বইমেলা পরিচালনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে। বরাদ্দ পাওয়ার পর স্টলের ভাড়া ব্যাংকে জমা দিয়ে জমার রসিদ আপলোড করতে হবে। স্বাস্থ্যবিধি মেনে একদিনে সব কাজ সম্পন্ন প্রস্তুতি নিয়ে আসতে অনুরোধ করা হচ্ছে।

অনলাইনে আবেদনপত্র জমা দিতে অপারগ প্রতিষ্ঠানসমূহ একাডেমির ড. মুহম্মদ এনামুল হক ভবনে সরাসরি আবেদনপত্র জমা দিতে পারবে। অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানকে 'বাংলা একাডেমি অমর একুশে বইমেলা ২০২১'-এর নীতিমালা ও নিয়মাবলি মেনে চলতে হবে। এই নীতিমালা ও নিয়মাবলি ওয়েবসাইট রয়েছে।

ড. জালাল আহমেদ

সদস্য-সচিব

বাংলা একাডেমি অমর একুশে বইমেলা ২০২১ পরিচালনা কমিটি

বাংলা একাডেমি, ঢাকা ১০০০